

উপাচার্যকে নিয়ে জেড আই পান্নার বক্তব্যের প্রতিবাদ ঢাবির

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১৪ অক্টোবর,
২০২৪ ১৪:৫৭

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সম্পর্কে আইনজীবী জেড আই খান পান্নার দেওয়া বক্তব্য 'অবমাননাকর' উল্লেখ করে এ বক্তব্যের প্রতিবাদ জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

সোমবার (১৪ অক্টোবর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ প্রতিবাদ জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্প্রতি একটি ইউটিউব চ্যানেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান সম্পর্কে আইনজীবী জেড আউই খান পান্নার অবমাননাকর বক্তব্যের প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। জেড আই খান পান্না ‘ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির অতীত ইতিহাস’ জানার দাবি করে একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের সঙ্গে তাঁর সংশ্লিষ্টতার ইঙ্গিত করে যে বক্তব্য দিয়েছেন, তা নির্জলা ও সর্বৈব অসত্য, বিদ্বেষপূর্ণ ও উদ্দেশ্যপ্রণোদিত।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বক্তব্যের তীব্র প্রতিবাদ জানাচ্ছে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, প্রকৃতপক্ষে উপাচার্য জীবনের কোনো পর্যায়ে কোনো ধরনের রাজনৈতিক দলীয় সংগঠনের সঙ্গে কখনও সম্পৃক্ত ছিলেন না। ভবিষ্যতেও তাঁর কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত হওয়ার আগ্রহ নেই।

ইতিপূর্বে সংবাদ মাধ্যমে প্রদত্ত একাধিক বক্তব্যে মাননীয় উপাচার্য তাঁর এ অবস্থান স্পষ্ট করেছেন।

বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন পুরো সময় তিনি অনাবাসিক ছাত্র ছিলেন। জনাব পান্না কিংবা তাঁর বর্ণিত ঘটনার সঙ্গে উপাচার্যের কোন দূরতম সম্পর্কও নেই। পান্নার এ ধরনের বক্তব্য উপাচার্যের সম্মান ও বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ণ করেছে।

